

সম্মানিত মুসলিম ভাই ও বোনেরা,

আল্লাহ সুবহানাছ ওয়াতাল্লা তাঁর সৃষ্টিকুলের সেরা মানুষকে দুনিয়ায় খলিফা বা প্রতিনিধি হিসাবে প্রেরণ করেছেন যাতে তারা একমাত্র তাঁরই দাসত্ব করে এবং তাঁরই নির্দেশিত পন্থায় নিজেদেরকে এবং সমগ্র মানবতাকে পরিচালিত করতে পারে। হিদায়াতের আলো নিয়ে যুগে যুগে আশ্বিয়ায়ে কেলামগণ অন্ধকার এ পৃথিবীতে মানবতাকে পথ দেখাবার জন্য প্রেরিত হয়েছেন, যার অব্যাহত ধারা সর্বশ্রেষ্ঠ নবী হযরত মুহাম্মদ (সঃ) এর মাধ্যমে সর্বশেষ পূর্ণাঙ্গ ঐশী গ্রন্থ কুরআন প্রান্তির মাধ্যমে পূর্ণতা লাভ করেছে। আর যেহেতু কোন নবী-রাসূল আসবেন না তাই ক্রিয়ামত পর্যন্ত মানবতাকে সঠিক পথ দেখাবার এই সুমহান দায়িত্ব উন্মত্তে মুহাম্মদীর উপর। আল্লাহ পাক ইরশাদ করেন- “আমি তোমাদেরকে একটি মধ্যমপন্থী জাতি হিসাবে সৃষ্টি করেছি যাতে পৃথিবীর মানুষের জন্য তোমরা সাক্ষ্য হও আর রাসূল (সঃ) হচ্ছেন তোমাদের জন্য সাক্ষী।” *সূরা বাক্বারা-১৪৩।*

অর্থাৎ রাসূল (সঃ) যে আদর্শ নিজের জীবন, পরিবার এবং রাষ্ট্রে প্রতিষ্ঠা করে দেখিয়ে গেছেন সে আদর্শ সারা পৃথিবীর সামনে তুলে ধরার দায়িত্ব আমাদের। এ দায়িত্ব সম্পর্কে শেষ বিচারের দিনে আমাদেরকে আল্লাহ পাকের দরবারে জবাবদীহি করতে হবে। এখন প্রশ্ন হচ্ছে এ দায়িত্ব আমরা কতটুকু পালন করছি।

নিজেকে সঠিক মুসলমান হিসেবে গড়ে তোলা, পরিবার-পরিজন ও সমাজকে ইসলামের উপর প্রতিষ্ঠিত করা এবং মুসলিম-অমুসলি নির্বিশেষে সকলের নিকট ইসলামের সুমহান বাণী পৌঁছে দেয়ার এই বিশাল কাজ কি একা করা সম্ভব? আল্লাহ সুবহানাছ ওয়াতাল্লা ইরশাদ করেন- “তোমরা আল্লাহর রসূলে সংঘবদ্ধভাবে আঁকড়ে ধর এবং পরস্পর বিচ্ছিন্ন হয়োনা।” *আলে-ইমরান ১০৩।*

রাসূলুল্লাহ (সঃ) বলেছেন-“মেশপালের বাঘের (শত্রু) ন্যায় মানুষের বাঘ (শত্রু) হল শয়তান। (মেশপালের মধ্য হতে) বাঘ সেই মেশটিকেই ধরে নিয়ে যায়, সে একাকী বিচরণ করে, কিংবা (খাদের অন্বেষণে) পাল থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। সাবধান, তোমরা দল ছেড়ে দুর্গম গিরি পথে যাবেনা এবং তোমরা অবশ্যই দলবদ্ধভাবে সাধারণের সাথে থাকবে।” *(আহমদ)*

প্রিয় দ্বীন ভাই ও বোনেরা,

আল্‌হামদুলিল্লাহ, পিচ মিশন আয়ারল্যান্ড (পিএমআই); আয়ারল্যান্ডে বসবাসকারী মুসলমানদের জন্য আল্লাহপাকের এক বিশেষ নিয়ামত। মুসলমানদের প্রয়োজন, সামর্থ, আর্থ-সামাজিক বাস্তবতা ও ইসলামের মামুলিক দাবীকে সামনে রেখে পিএমআই প্রণয়ন করেছে তার কর্মনীতি ও কর্মসূচী। বাংলাভাষী ও স্থানীয় ভাষা-ভাষীদের জন্য পিএমআই এর রয়েছে পৃথক শাখা। কলেজ, ইউনিভার্সিটির ছাত্রদের জন্য রয়েছে ‘ইয়াং মুসলিম অর্গানাইজেশন’, ছাত্রীদের জন্য ‘মুসলিমাত’, কিশোর-কিশোরীদের জন্য ‘জুনিয়র মুসলিম সার্কল’ এবং মহিলাদের জন্য মহিলাদের দ্বারা পরিচালিত পৃথক শাখা।

পিচ মিশন অব আয়ারল্যান্ড (PMI)

আক্বীদাহ বা মৌলিক বিশ্বাস

এ সংগঠনের মৌলিক আক্বীদাহ বা বিশ্বাস হচ্ছে: আল্লাহতায়ালা ছাড়া কোন ইলাহ বা মা'বুদ নেই এবং মুহাম্মদ (সঃ) আল্লাহতায়ালা রাসূল।

উদ্দেশ্য

পিচ মিশন আয়ারল্যান্ড এর উদ্দেশ্য হচ্ছে:

- আল্লাহতায়ালা র ইবাদাত এবং মানবতার কল্যাণ সাধনের মাধ্যমে তাঁর সন্তুষ্টি অর্জন।
- ইসলামী আক্বীদাহ ও মূল্যবোধের ভিত্তিতে সামাজিক, নৈতিক এবং আধ্যাত্মিক পরিশুদ্ধি আনয়ন।
- সকলের কল্যাণের নিমিত্তে সমাজে মুসলমানদের সক্রিয় ভূমিকা পালনের জন্য উৎসাহ দান এবং সহায়তা করা।

মূলনীতি

সিদ্ধান্ত গ্রহণ, নীতি নির্ধারণ এবং কার্যপ্রণালী প্রণয়নে পিচ মিশন আয়ারল্যান্ড সকল সময়:

- কুরআন ও সুন্নাহ ভিত্তিক ইসলামী নীতিমালা এবং ইসলামী শিক্ষার অনুকরণ এবং
- যথাযথ ক্ষেত্রে আয়ারল্যান্ড এবং ইউরোপীয় আইনের অনুসরণ করবে।

কর্মসূচী

পিচ মিশন আয়ারল্যান্ড এর কর্মসূচী হচ্ছে:

- ১) দাওয়াহ:** মানুষের কাছে (ইসলামের দাওয়াত নিয়ে) পৌঁছা এবং (ইসলাম সম্পর্কে) সচেতনতা বৃদ্ধি: মানুষকে আল্লাহ তায়ালা পথে আহ্বান করা এবং ইসলামের সঠিক ধারণা তুলে ধরা।
- ২) জামায়াহ:** কমিউনিটির জন্য সংঘবদ্ধ প্রচেষ্টা: দ্রাতুষ্ট ও ঐক্যের ভিত্তিতে সংঘবদ্ধভাবে কমিউনিটির জন্য কাজ করার নিমিত্তে মুসলমানদেরকে ঐক্যবদ্ধ করা।
- ৩) তারবিয়াহ:** প্রশিক্ষণ এবং মানোন্নয়ন: আল্লাহ পাকের নৈকট্য লাভের লক্ষ্যে মানুষকে ইসলামী শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান এবং সদস্যদেরকে অত্যাবশ্যকীয় জ্ঞান ও দক্ষতা অর্জনের মাধ্যমে কমিউনিটির খেদমতের জন্য তৈরী করা।
- ৪) সমাজ কল্যাণ:** সর্বসাধারণের জন্য কল্যাণকর কাজের সম্প্রসারণ: সামাজিক ব্যাধি দূরীকরণ এবং সকলের জন্য কল্যাণকর কাজ করার মাধ্যমে একটি শান্তিপূর্ণ ঐক্যবদ্ধ কমিউনিটি গঠন করা।
- ৫) আদল:** ন্যায় এবং সুবিচারের জন্য সংগ্রাম: ধর্ম, বর্ণ ও কৃষ্টি নির্বিশেষে ন্যায়, সুবিচার ও মানবতার মর্যাদার জন্য কাজ করে যাওয়া।

সমর্থক ফরম

আমি পিচ মিশন আয়ারল্যান্ড এর উদ্দেশ্য এবং কর্মসূচীর সাথে একমত হয়ে এ সংগঠনের কাজে অংশগ্রহণ করার জন্য এর সমর্থক ফরম পূরণ করছি। আল্লাহ রাব্বুল আ'লামীন আমাকে তাঁর দ্বীনের দ্বায়িত্ব পালন করার তাওফিক দান করুন। আমিন।

Fore Name:.....

Sure Name:.....

DOB:.....

Profession:.....

Address :

.....

.....

Town/City:..... County:.....

Contact Number:.....

Email:.....

.....

Signature:..... Date :.....

FOR OFFICE USE ONLY

Ref:.....

Comments:.....

.....

.....